| কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>মহাপরিচালকের দপ্তর | | | |
|---|---|---|---|
| পরিচালক (প্রশাসন) | ✓ | পরিচালক (পিআইডব্লিউ) | |
| পরিচালক (ভোকেশনাল) | | পরিচালক (পিআইইউ) | |
| পরিচালক (পরিঃ ও উন্নঃ) | | পি এ টু মহাপরিচালক | |
| | | | |
| মহাপরিচালক | | | |
| ডকেড নং- ৫০৯ | | তারিখঃ- 29/9/2020 | |

AD-2

৫৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

মুজিব বর্ষ

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০২০.২০১৯- ৬৩৬

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) জনাব মোঃ জিয়াউল করিম জিয়া বিগত ০৩/১২/২০১৮ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত শিক্ষক এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি। ফলে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমাটির ধারাবাহিক কার্যক্রমে সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্ত কর্মকর্তা মো: আব্দুর রহিম, প্রাক্তন উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বিগত ১৫/০৯/২০১৯ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে জনাব মোঃ জিয়াউল করিম জিয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

০৩। তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি ৯ মোতাবেক গুরুদণ্ডের আওতায় কেন তাকে বিগত ০৩/১২/২০১৮ খ্রি. তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ গত ২০ নভেম্বর ২০১৯ খ্রি. তারিখে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ এবং দেওয়ানি কার্যবিধি ১৯০৮ অনুযায়ী গত ১১ মার্চ ২০২০ তারিখে 'দৈনিক ইত্তেফাক' ও ১৮ মার্চ ২০২০ তারিখে 'The Daily Star' পত্রিকায় এবং ০৮ মার্চ ২০২০ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত শিক্ষক এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি।

০৪। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমের এ পর্যায়ে উক্ত বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় জনাব মোঃ জিয়াউল করিম জিয়া কে বিগত ০৩/১২/২০১৮ খ্রি. তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চেয়ে পত্র প্রেরণ করা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী অভিযুক্ত জনাব মোঃ জিয়াউল করিম জিয়া কে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করে।

০৫। জনাব মোঃ জিয়াউল করিম জিয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ০৩ এর উপবিধি (গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৬। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) জনাব মোঃ জিয়াউল করিম জিয়া কে বিগত ০৩/১২/২০১৮ তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (dismissal from service)" করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

27/09/2020
(মো: আমিনুল ইসলাম খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০২০.২০১৯- ৬৬৬/২(৮)

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

(১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
(২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
**(জনাব মো: জিয়াউল করিম জিয়া এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।**
(৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
(৬) অধ্যক্ষ, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা।
(৭) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
(৮) জনাব ...................................................................................।

২১/৯/২০২০
(রহিমা আক্তার)
উপসচিব
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.১১.১৮.০৭৬.১৬-১৬১ তারিখঃ ১২/১০/২০২০ খ্রিঃ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০.০৫১.০৪.০২০.২০১৯-৩৩৬ তারিখ ২১/০৯/২০২০ খ্রি: এর প্রজ্ঞাপনে ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে।)**

১. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৪. অধ্যক্ষ খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।
৫ জনাব মো: জিয়াউল কমির জিয়া,ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
৭ ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮ পি.এ.টু ডিজি.কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য অনুরোধসহ)।
৯. সংরক্ষণ নথি।

১২/১০/২০২০

(মোঃ জাহেদুল কবির খান)
সহকারী পরিচালক- ২

বিবিধ ফাইল